

■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৮১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের আগে রূকু ও সিজদায় যাওয়া মাকরুহ।

بَابٌ مَا جَاءَ فِي كَرَاهِيَّةِ أَنْ يُبَارَرَ الْإِمَامُ بِالرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفِيَّانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ، حَدَّثَنَا الْبَرَاءُ، وَهُوَ غَيْرُ كَذُوبٍ قَالَ كُنَّا إِذَا صَلَّيْنَا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ لَمْ يَحْنِ رَجُلٌ مِّنَّا ظَهَرَهُ حَتَّى يَسْجُدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَسْجُدُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنَّسٍ وَمُعَاوِيَةَ وَابْنِ مَسْعَدَ صَاحِبِ الْجُيُوشِ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَرَاءِ حَدِيثُ حَسَنٍ صَحِيحٍ . وَيَقُولُ أَهْلُ الْعِلْمِ إِنَّ مَنْ خَلَفَ الْإِمَامَ إِنَّمَا يَتَبَعَّونَ الْإِمَامَ فِيمَا يَصْنَعُ لَا يَرْكَعُونَ إِلَّا بَعْدَ رُكُوعِهِ وَلَا يَرْفَعُونَ إِلَّا بَعْدَ رَفِعِهِ . لَا نَعْلَمُ بَيْنَهُمْ فِي ذَلِكَ اخْتِلَافًا .

বাংলা

২৮১. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) বারা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাত আদায় করতাম। তিনি রূকু থেকে মাথা তুলতেন। পরে তিনি সিজদায় না যাওয়া পর্যন্ত আমাদের কেউ পিঠ ঝুকাত না। তিনি সিজদায় গেলে পর আমরাও সিজদায় যেতাম। - সহিহ আবু দাউদ ৬৩১-৬৩৩, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস, মুআবিয়া, ইবনু মাসআদা সাহিবুল জুয়ুশ, আবু হুরায়ারা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু উসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ বারা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। আলিমগণের অভিমত এই যে, ইমামের পিছনে যারা থাকবে তাঁরা ইমামের সকল কাজে অনুরণ করে চলবে। ইমাম রূকুতে না যাওয়া পর্যন্ত তাঁরা রূকুতে যাবে না। ইমাম মাথা না তোলা পর্যন্ত তাঁরা মাথা তুলবে না। এই বিষয়ে আলিমদের মধ্যে কোন মতবিরোধ আছে বলে আমাদের জানা নেই।

English

Al-Bara said:

"When we performed Salat behind Allah's Messenger, he would raise his head from bowing, and no man among us would bend his back until Allah's Messenger prostrated, then we prostrated."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: বারাত্তা ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17470>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন